দৈনিক খবর

তারিখ ... 01 JUL 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫

দুই বোর্ডে এসএসসি পরীক্ষা শুরু

# প্রথম দিনে ৬৯৬ জন পরীক্ষার্থী বহিষ্কার

।। স্টাফ রিপোর্টার ।।

যশোর ও কুমিল্লা বোর্ডের গতকাল থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা শুরু হয়েছে। গতকাল ছিল বাংলা পরীক্ষা। প্রথম দিনে দুটি বোর্ডের ৩৯টি কেন্দ্র থেকে মোট ৬৯৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে বলে জানা গেছে।

কুমিল্লা বোর্ডের ২৮টি কেন্দ্র থেকে ৪৬৬ জন পরীক্ষার্থী এবং যশোর বোর্ডের ১১টি কেন্দ্র থেকে বাদবাকিরা অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কৃত হয়েছে।

দুটি বোর্ডের বিদেশের কেন্দ্রসহ মোট ২৩৬টি কেন্দ্র থেকে প্রায় ২ লাখ ২৮ হাজার ৭৫৩ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিচ্ছে।

উল্লেখ্য, ২৯শে এপ্রিলের প্রলয়ংকরী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে কুমিল্লা বোর্ড ও যশোর বোর্ডের অধীন বহু এলাকা ক্ষতিগ্রস্ত হওয়ায় এই দুই বোর্ডের পরীক্ষা পিছিয়ে দেয়া হয়।

জানা গেছে, 'প্রক্সি' (একজনের হয়ে আরেকজন) পরীক্ষা দেয়ার অভিযোগে ঝিনাইদহ কেন্দ্রে ১ জন পরীক্ষার্থী এবং কর্তব্যরত মেজিস্ট্রেটের সাথে দুর্ব্যবহার করায় হোমনা কেন্দ্রে ১ জন ছাত্রীকে গ্রেফতার করা হয়েছে।

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

# পরীক্ষার্থী বহিষ্কার

প্রথম পৃষ্ঠার পর

চট্টগ্রাম থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানিয়েছেন, গতকাল হাটহাজারী কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের অভিযোগে ২৭ জন এবং মহানগরী এলাকা থেকে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। মহানগরী উত্তর জোনে মোট ১৮৮৬ জনের মধ্যে ২০ জন, দক্ষিণ জোনে ২৩৭০ জনের মধ্যে ১৮ জন এবং পূর্ব জোনে ২০৬৫ জনের মধ্যে ১৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত রয়েছে।

## সিলেটে ৪ জন বহিষ্কৃত

সিলেটস্থ 'খবর' অফিস জানায়ঃ সিলেট জেলায় ৭ হাজার পরীক্ষার্থী অংশ নিচ্ছে। শহরে ৬০টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী সাড়ে ৩ হাজার। ১ম দিনে গতকাল ৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। গতকাল ছিল বাংলা ১ম ও ২য় পত্রের পরীক্ষা। সিলেট-১ কেন্দ্রের আওতাধীন মোট ২৪৬১ জন পরীক্ষার্থী অংশ নেবার কথা। কিন্তু ১০২ জন অনুপস্থিত রয়েছেন। বাংলা ১ম পত্রের পরীক্ষায় ২ জন ও ২য় পত্রে ২ জনকে অভিযুক্ত করা হয়। সকাল ও বিকেলের পরীক্ষায় মোট ১০৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

সিলেট সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়ের আওতাধীন সিলেট-১ কেন্দ্রে ২৬টি ও সিলেট-২ এইডেড হাই স্কুলের আওতাধীন রয়েছে মোট ১৭টি স্কুল।

সিলেট-১ কেন্দ্রে সমাজ বিজ্ঞান ১৮৫৮ ও সাধারণ বিজ্ঞান ৬০৩ এবং উভয় বিষয়ে ছেলে ১৩৪৮ ও মেয়ে ১১১৩ জন পরীক্ষার্থী রয়েছেন।

নকল প্রতিরোধে গতানুগতিক ব্যবস্থাই চালু রয়েছে তবে লক্ষণীয় হলো নকল প্রবণতা কম।

পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা বলবৎ করা হয়েছে। আইন-শৃংখলাসহ সার্বিক শৃংখলা রক্ষার লক্ষ্যে সশস্ত্র পুলিশ দল মোতায়েন, টহল ও সতর্কাবস্থায় রাখা হয়েছে।

সিলেট শাহজালাল জামেয়া ইসলামিয়া কেন্দ্রে মোট ৩২১ জন পরীক্ষার্থীর মধ্যে সকালে ৩০৩ ও বিকেলে ৩০৮, মডেল হাইস্কুলে ২৭০-এর মধ্যে সকালে ১৪ ও বিকেলে ১৪, রাজা জিসি হাইস্কুলে সকাল বিকেলে ৩শ' মধ্যে ১২ জন, রসময় হাই স্কুলে ৩২৭-এর মধ্যে সকাল-বিকেলে ২১ ও ১ জন বহিষ্কৃত, সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ে ৫২১-এর মধ্যে ১৫, এইডেড হাই স্কুলে ৪৪৬ জনের মধ্যে সকাল ও বিকেলে ১৫, কিশোরীমোহন উচ্চ বালিকা বিদ্যালয়ে ২৮৪ জনের মধ্যে ২, কাজী জালালউদ্দিন উচ্চ বালিকা বিদ্যালয়ে ২৫২ জনের মধ্যে সকালে ৪ ও বিকেলে ৫ ও মজনুন্নেছা উচ্চ বিদ্যালয়ে ৩৬২ জনের মধ্যে সকালে ৬ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

এদিকে বাংলা ১ম পত্রের গতকালের পরীক্ষায় সিলেট সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়ে ২ জন, ও ২য় পত্রের পরীক্ষায় রসময় হাইস্কুল কেন্দ্রে ১ এবং সরকারী পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১ এ নিয়ে মোট ৪ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত করা হয়।

## চকোরিয়া

কক্সবাজারের চকোরিয়া থেকে সংবাদদাতা মোজাফফর আহমদ চৌধুরী জানিয়েছেন, চকোরিয়া কেন্দ্র থেকে গতকাল ১২ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এই কেন্দ্রে ৪৪৩ জন মহিলাসহ মোট পরীক্ষার্থী ১২৬৫ জন। এদের মধ্যে ২২ জন অনুপস্থিত রয়েছে। কেন্দ্রের শান্তি-শৃংখলা রক্ষায় ইউএনও, উপজেলা ম্যাজিস্ট্রেট ও পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন।

## কুমিল্লা

কুমিল্লা থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, কুমিল্লা বোর্ডের ১৩১টি কেন্দ্রের মধ্যে ৫৬টি কেন্দ্রে ৫২৭ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।

বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে সিলেটের ৩টি কেন্দ্রে ৩ জন, মৌলভীবাজারে ৬টি কেন্দ্রে ৩৫ জন, লক্ষ্মীপুরে ৪টি কেন্দ্রে ৪৯ জন, ফেনীতে ৬টি কেন্দ্রে ৯৬ জন ও হবিগঞ্জে ৬টি কেন্দ্রে ১৩ জনকে বহিষ্কার করা হয়। এ বোর্ডের কোন কেন্দ্রে অপ্রীতিকর ঘটনা ঘটেনি বলে বোর্ড সূত্রে দাবী করা হয়েছে।

জেলা প্রতিনিধি জানান, কুমিল্লা জেলার ১৪টি কেন্দ্রে ২৯৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এই বোর্ডে মোট কেন্দ্র সংখ্যা ১৩১টি। এর মধ্যে একটি কেন্দ্র রয়েছে রিয়াদে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৩০ হাজার ১৪৩ জন। এর মধ্যে কুমিল্লার ১৪টি কেন্দ্রে ২৯৬ জন, চাঁদপুরের ৭টি কেন্দ্রে ২৫ জন এবং ব্রাহ্মণবাড়িয়ার ৮টি কেন্দ্রে ১৭ জন বহিষ্কৃত হয়। হোমনাতে একজন ছাত্রীকে মেজিস্ট্রেটের সাথে অসদাচরণ করার দায়ে গ্রেফতার করা হয়েছে।

মেহেরপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষার প্রথম দিনে মেহেরপুর সদরে মোট ২৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। তবে গাংনি উপজেলায় কেউ বহিষ্কার হয়নি।

এই সদর উপজেলায় পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১,২৬৫ জন এবং গাংনি উপজেলায় ৮০৩ জন পরীক্ষায় অংশগ্রহণ করে।

যশোর বোর্ড সূত্রে প্রাপ্ত খবরে জানা গেছে, এই বোর্ডের ১০৫টি কেন্দ্রের মধ্যে ২০টি কেন্দ্রে ৬০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ঝিনেদাহ কেন্দ্রে প্রক্সি পরীক্ষা দেয়ার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। এ বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৯৮ হাজার ৫শ' ১৩ জন।

বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে ঝিনেদায় ৩ জন, নড়াইলে ৫ জন, পটুয়াখালীতে ৩ জন, বরিশালে ১ জন, বাগেরহাটে ১ জন, কুষ্টিয়ায় ২০ জন, পিরোজপুরে ৭ জন, ঝালকাঠিতে ২ জন, বরগুনায় ১১ জন, যশোরে ৪ জন, কালীগঞ্জে ১ জন, মাগুরায় ১ জন ও রামপালে ১ জনকে বহিষ্কার করা হয়েছে।

খুলনা হতে আমাদের নিজস্ব প্রতিনিধি জানান, যশোর বোর্ডের অধীনে খুলনা মহানগরীর ২টি মূল কেন্দ্রের ১৩টি উপকেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এসব কেন্দ্রে কেউই বহিষ্কৃত হয়নি। এবার মহানগরীর ৬২টি উচ্চ বিদ্যালয় থেকে ৫,৫৬৯ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

বিয়ানীবাজার থেকে নিজস্ব সংবাদদাতা জানান, বিয়ানীবাজার কেন্দ্রে এসএসসি পরীক্ষায় ২ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়েছে।

## বরগুনা

বরগুনা থেকে খবর-এর নিজস্ব সংবাদদাতা জানান, যশোর বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার প্রথম দিনে বরগুনায় ২৪ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়েছে। বরগুনা জেলার ৫টি কেন্দ্রে ৩,৪২২ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে বরগুনা সদরে ১,১৭১, আমতলী উপজেলায় ৬৫৭, পাথরঘাটা উপজেলায় ২১৩, বেতাগী উপজেলায় ৯৪৮ এবং বামনা উপজেলায় ২৯১ জন। বহিষ্কৃতদের মধ্যে সদরে ১১, আমতলীতে ৮ ও বেতাগীতে ৫ জন রয়েছে।

এদিকে বরগুনা শহরে আজ হঠাৎ করে তীব্রভাবে চিনির সংকট দেখা দিয়েছে। ফলে চিনির কেজি ২৯ টাকা থেকে ৪২ টাকায় দাঁড়িয়েছে। এর ফলে প্রতি কাপ চা ও অন্যান্য মিষ্টি জাতীয় দ্রব্যের দাম বৃদ্ধি পেয়েছে।

ব্রাহ্মণবাড়িয়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান, আজ এসএসসি পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে জেলার ৫টি কেন্দ্রে ১৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। জেলার ৮টি কেন্দ্রে মোট ৭,১৭৯ জন পরীক্ষার্থী অংশ নেয়। কসবা কেন্দ্রে ৭ জন, আখাউড়ায় ৪৭১ জন, নবীনগর ১ জন, বাঞ্ছারামপুরে ১ জন ও ব্রাহ্মণবাড়িয়া সদর কেন্দ্রে ৫ জন বহিষ্কার হয়েছে। পরীক্ষা চলাকালে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।